কালের কণ্ঠ

তারিখ 01 FEB 2015
পৃষ্ঠা ৪ কলাম ৪

## অর্থ মন্ত্রণালয়ের সম্মতি মেলেনি

# ১৯ কলেজের জাতীয়করণ কাজ আটকে আছে

নিজস্ব প্রতিবেদক ▷

অর্থ মন্ত্রণালয়ের সম্মতি না পাওয়ায় শিক্ষা মন্ত্রণালয় প্রস্তাবিত ১৯টি কলেজের জাতীয়করণ কাজ শেষ করা যাচ্ছে না। ওই কলেজগুলোর মধ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর নামের কলেজ রয়েছে। প্রধানমন্ত্রী প্রতিশ্রুত এসব কলেজ জাতীয়করণে অহেতুক বিলম্ব হওয়ায় সংশ্লিষ্ট এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, বিগত মহাজোট সরকারের আমলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিভিন্ন এলাকা সফরকালে বিভিন্ন স্কুল-কলেজ জাতীয়করণের প্রতিশ্রুতি দেন। এর মধ্যে ১৯টি কলেজ জাতীয়করণের সিদ্ধান্ত নেয় শিক্ষা মন্ত্রণালয়। প্রয়োজনীয় প্রস্তুতি ও মন্ত্রণালয়ের অনুমোদন শেষে এ বিষয়ে সম্মতি চেয়ে গত বছরের ফেব্রুয়ারি মাসে অর্থ মন্ত্রণালয়ে ফাইল পাঠানো হয়। কিন্তু এরপর একাধিকবার তাগাদা দেওয়া হলেও এখনো সেই ফাইল ফেরত আসেনি। ফলে কলেজগুলোর জাতীয়করণের কাজ আটকে আছে।

কলেজগুলো হচ্ছে—গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয় কলেজ, কিশোরগঞ্জের ইটনায় রাষ্ট্রপতি আবদুল হামিদ কলেজ, মাদারীপুরে শেখ হাসিনা একাডেমি অ্যান্ড উইমেন্স কলেজ, টাঙ্গাইলের সখিপুর মুজিব কলেজ, বরগুনার বেতাগী ডিগ্রি কলেজ ও আমতলী ডিগ্রি কলেজ, রাজবাড়ীর পাংশা কলেজ, রাজশাহীর শহীদ এ এইচ এম কামরুজ্জামান ডিগ্রি কলেজ, ফরিদপুরের আলফাডাঙ্গা ডিগ্রি কলেজ ও কাজী মাহবুব উল্লাহ (কে এন) কলেজ, বগুড়ার শহীদ এম মনসুর আলী ডিগ্রি কলেজ, মাদারীপুরের রাজৈর ডিগ্রি কলেজ, গোপালগঞ্জের মুকসুদপুর কলেজ, ঢাকার পল্লবীতে বঙ্গবন্ধু কলেজ, নাটোরের বিলচলন শহীদ শামসুজ্জোহা কলেজ, পটুয়াখালীর বাউফল ডিগ্রি কলেজ, কক্সবাজারের উখিয়ায় বঙ্গমাতা ফজিলাতুননেসা মুজিব মহিলা কলেজ, নেত্রকোনার দুর্গাপুরের সুসাং মহাবিদ্যালয় ও খুলনার কয়রা মহিলা কলেজ।

সাড়ে চার বছরেও প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত কলেজ জাতীয়করণ না হওয়ায় ক্ষোভ প্রকাশ করেছেন খুলনা-৬ আসনের সাবেক সংসদ সদস্য অ্যাডভোকেট সোহরাব আলী সানা। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব (কলেজ শাখা-৯) কাউসার নাসরিন জানান, কলেজগুলো জাতীয়করণের জন্য পরিদর্শন প্রতিবেদন তৈরিসহ প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।